



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

স্বাধীনতা ভবন

প্রশাসন বিভাগ

৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

www.bffwt.gov.bd



স্মারক নম্বর- ৪৮.০১.০০০০.১০২.১৮.০০১.২১. ৩৬৬

তারিখঃ ১৫ চৈত্র ১৪২৭ বঃ
২৯ মার্চ ২০২১ খ্রিঃ

বিষয়ঃ রাষ্ট্রীয় সম্মানী ভাতাপ্রাপ্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহিদ/মৃত বীর মুক্তিযোদ্ধা এবং বিভিন্ন বাহিনী হতে আগত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের নিজ নিজ তথ্য ট্রাস্টের ওয়েবসাইটে প্রদান।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট হতে রাষ্ট্রীয় সম্মানী ভাতাপ্রাপ্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহিদ/মৃত বীর মুক্তিযোদ্ধা এবং বিভিন্ন বাহিনী হতে আগত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের ডাটাবেইজ ম্যানেজমেন্ট (TMIS) সফটওয়্যার ট্রাস্টের ওয়েবসাইট www.bffwt.gov.bd-এ আপলোড করা হয়েছে। সফটওয়্যারটির লিংক <http://tmis.bffwt.gov.bd/tatthoform/> এ ক্লিক করে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর সুবিধাভোগী রাষ্ট্রীয় সম্মানী ভাতাপ্রাপ্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহিদ/মৃত বীর মুক্তিযোদ্ধা এবং বিভিন্ন বাহিনী হতে আগত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের নিজ নিজ তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়ে গত ২৬/০৩/২০২১ খ্রিঃ তারিখে ডেইলি স্টার এবং ২৭/০৩/২০২১ খ্রিঃ তারিখ দৈনিক ইত্তেফাক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়াও বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, TMIS-এ তথ্য প্রদান সুরক্ষিত করার লক্ষ্যে তাঁর আওতাধীন জেলার সকল রাষ্ট্রীয় সম্মানী ভাতাপ্রাপ্ত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, শহিদ/মৃত বীর মুক্তিযোদ্ধা পরিবার এবং বিভিন্ন বাহিনীর যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাগণ যাতে দ্রুত তাঁদের তথ্য ডাটা বেইজ-এ প্রদান করেন সে বিষয়টি সংশ্লিষ্টদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

৩। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত : বিজ্ঞপ্তির কপি- ০১ (এক) ফর্দ।

(এস এম মাহবুবুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ফোনঃ ৯৫৬১৮১৩

ই-মেইলঃ mdbffwt@yahoo.com

জেলা প্রশাসক (সকল).....

সদয় অবগতির জন্যঃ

১. পরিচালক (শিল্প ও বাণিজ্য/কল্যাণ/অর্থ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২. অফিস কপি/গার্ড ফাইল।